ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ৬ষ্ঠ সংখ্যা | ১৭ চৈত্র ১৪২৩, ৩১ মার্চ, ২০১৭

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে গত ১৭ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপিত

প্রতিদিনই শিশুদের মাঝে বঙ্গবন্ধুর আদর্শ তুলে ধরতে হবে– উপাচার্য

বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে গত ১৭ মার্চ ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যাপক কর্মসূচী গ্রহণ করে। কর্মসূচীর মধ্যে ছিল - বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন, আলোচনা সভা, শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সঙ্গীতানুষ্ঠান প্রভৃতি।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যগণ সকালে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন। পরে উপাচার্যের সভাপতিত্বে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো: রহমত উল্লাহ, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মফিজুর রহমান, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর, বিশ্ববিদ্যালয় শাখা বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের সাধারণ সম্পাদক মো: ইমাম হোসেন শেখসহ কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি, এবং চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ আলোচনায় অংশ নেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান আলোচনা সভা পরিচালনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাদর্শের সঙ্গে নতুন প্রজন্মকে সংযুক্ত করার উপর গুরুত্বারোপ করে বলেন, শুধু বিশেষ দিনে নয়, প্রতিদিনই শিশুদের মাঝে বঙ্গবন্ধুর আদর্শ তুলে ধরতে হবে। বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করতে পারলেই শিশুরা পরিপূর্ণ মানুষ হিসাবে বিকশিত হতে পারবে। উপাচার্য বঙ্গবন্ধুর জীবন ও কর্মের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, ১৯৭৪ সালে জাতিসংঘে প্রদত্ত ভাষণে বঙ্গবন্ধু বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় অস্ত্র প্রতিযোগিতা বন্ধ এবং নিরন্ন মানুষকে অন্ন প্রদানের আহ্বান জানিয়েছিলেন। বঙ্গবন্ধুর আদর্শ থেকে শিক্ষা নিয়ে *(২য় পৃষ্ঠায়দেখুন)

বাংলাদেশ ক্রিকেট দলের শততম টেস্ট বিজয়ে উপাচার্যের অভিনন্দন

অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক

শ্রীলঙ্কাকে পরাজিত করে শততম টেস্টে ঐতিহাসিক বিজয় লাভ করায় বাংলাদেশ ক্রিকেট দলকে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে গত ১৯ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। তিনি এই ঐতিহাসিক সাফল্য ও গৌরব অর্জনের জন্য বাংলাদেশ ক্রিকেটারদের শুভেচ্ছা জ্ঞাপন করেন। একইসাথে তিনি দলের ম্যানেজার, কোচ ও সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করে বলেন, ক্রিকেট দলের এই সাফল্য অব্যাহত থাকবে এবং ক্রীড়াঙ্গনে দেশ ও জাতির গৌরব ও ভাবমূর্তি আরও উজ্জ্বল হবে।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে গত ১৭ মার্চ ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক আলোচনা সভায় সভাপতিত্ব করেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে গত ১৬ মার্চ ২০১৭ দিবাগত রাত ১২:০১ মিনিটে বঙ্গবন্ধু হলে কেক কেটে কর্মসূচীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মফিজুর রহমানসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ এবং হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত

গত ২৬ মার্চ ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচীর মাধ্যমে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে ২৬ মার্চ সকাল ৬টায় বিশ্ববিদ্যালয়ের সকল কেন্দ্রীয় ভবন ও আবাসিক হলে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। জাতীয় স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের পক্ষ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ও সংগঠনের পক্ষ থেকেও পুস্পস্তবক অর্পণ করা হয়। সকাল ৯টায় বিশ্ববিদ্যালয় কর্মচারীদের সন্তানদের মধ্যে মিষ্টি বিতরণ করা হয়। বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে স্বাধীনতা, মুক্তিযুদ্ধের গান, কবিতা ও নৃত্য পরিবেশনের আয়োজন করা হয়।

থেকে পুষ্পস্তবক অর্পণ করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রমুখ। একই সাথে এছাড়া, জোহর নামাজের পর মসজিদুল জামিয়ায় মোনাজাত এবং বিশ্ববিদ্যালয় এলাকার অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে অনুষ্ঠিত হয় বিশেষ প্রার্থনা। দিবসটি উপলক্ষে কার্জন হল, টিএসসিসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনে আলোক সজ্জার ব্যবস্থা করা হয়।

জাতীয় গণহত্যা দিবস পালিত

জাতীয় গণহত্যা দিবস পালন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং ঢাবি শিক্ষক সমিতির যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় স্মৃতি চিরন্তন চত্বরে গত ২৫ মার্চ ২০১৭ সন্ধ্যায় মোমবাতি প্রজ্বলন, ডকুমেন্টরী প্রদর্শন এবং এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভার পূর্বে স্মৃতি চিরন্তন বেদিতে ফুল দিয়ে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানানো হয়।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। সভা পরিচালনা করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. রহমত উল্লাহ।

আলোচনা সভায় গণহত্যাকে আন্তর্জাতিক স্বীকৃতি প্রদানের দাবি জানিয়ে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ২৫ মার্চ পরিকল্পিতভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণহত্যা চালানো হয়েছে। পাকিস্তানী সেনাবাহিনী এমন বর্বরোচিত হামলার মাধ্যমে দেশকে মেধাশূন্য করতে চেয়েছিল। স্বাধীনতার ৪৬ বছর পরে হলেও ২৫ মার্চকে গণহত্যা দিবস ঘোষণা করায় উপাচার্য বাংলাদেশ সরকার ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

জগন্নাথ হল

জগন্নাথ হলের 'কালরাত ও গণহত্যা দিবস পালন কমিটি'র উদ্যোগে গত ২৫ মার্চ ২০১৭ দিনব্যাপী অনুষ্ঠিত কর্মসূচীর মধ্যে ছিল : সকাল ১০টায় চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সন্ধ্যা ৬টায় শহীদদের স্মরণে স্থাপনাশিল্পের প্রদর্শন, ৭টায় নাট্যানুষ্ঠান, রাত ৮টায় দেশাত্মবোধক গান ও কবিতা আবৃত্তি, রাত ১১টায় মশাল প্রজ্বলন, ১১টা ৫৯ মিনিটে গণসমাধিতে মোমবাতি প্রজ্বলন এবং শ্রদ্ধা নিবেদন। রাতে মশাল প্রজ্বলন ও শ্রদ্ধা নিবেদন পর্বের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এ সময় জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার, হলের আবাসিক শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক শিক্ষক ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

১৭তম জাতীয় নবায়নযোগ্য শক্তি ও গ্রীণ এক্সপো

জ্বালানী ও বিদ্যুতের অপচয় রোধ করতে হবে– উপাচার্য

বাংলাদেশ সোলার এনার্জি সোসাইটির সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটের উদ্যোগে গত ১৫ মার্চ ২০১৭ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ৪-দিনব্যাপী ১৭তম জাতীয় নবায়নযোগ্য শক্তি ও গ্রীণ এক্সপো-১৭ অনুষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী এবং খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এবারের এই প্রদর্শনীর প্রতিপাদ্য হচ্ছে- "বাংলাদেশে নবায়নযোগ্য শক্তির জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা ২০১৭-২০৫০"।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রদর্শনীর *(২য় পৃষ্ঠায় দেখুন)

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে গত ২৫ মার্চ ২০১৭ সোহ্‌রাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা স্তম্ভ চত্বরে দু'দিনব্যাপী "রক্তাক্ত ২৫ মার্চ : গণহত্যার ইতিবৃত্ত" শীর্ষক এক আলোচনা সভা ও আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. মাহমুদ রেজা খানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে গত ১৭ মার্চ ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগ আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের উদ্যোগে গত ১৬ মার্চ ২০১৭ এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এসময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের সভাপতি অধ্যাপক ড. এ বি এম শহিদুল ইসলাম এবং সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিন উপস্থিত ছিলেন। ছবিতে উপাচার্যকে সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করতে দেখা যাচ্ছে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৯ মার্চ ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত দিনব্যাপী কর্মশালা উদ্বোধন করেন।

তিতুমীর কলেজে সেমিনার

মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে- উপাচার্য

গত ১৪ মার্চ ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্প্রতি অধিভুক্ত সরকারি তিতুমীর কলেজে শিক্ষক পরিষদ মিলনায়তনে 'মানসম্মত শিক্ষা অর্জনের ক্ষেত্রে বিরাজমান সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে করণীয় পদক্ষেপ নির্ধারণ' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তিতুমীর কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবু হায়দার আহমেদ নাছের।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, সরকারের নির্দেশে সাতটি কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়েছে। এখন আমরা এই কলেজগুলোতে গুণগত পরিবর্তন আশা করি। এজন্য আমাদের যা করণীয় সে পদক্ষেপ আমরা গ্রহণ করব। তবে কলেজগুলোর শিক্ষকদের সদিচ্ছা এক্ষেত্রে ইতিবাচক ভূমিকা পালন করবে। তাই মানসম্মত শিক্ষার লক্ষ্যে শিক্ষকদের আন্তরিকভাবে কাজ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিকক্ষ সংকটসহ নানা সংকট রয়েছে। এসব সমস্যা ঢাকা বিশ্ববিদ্যালয়েও রয়েছে, জাতীয়ভাবেও বিরাজমান। এর মধ্য দিয়েই আমাদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে।

সেমিনারে মানসম্মত শিক্ষার অন্তরায় হিসেবে বিভিন্ন সমস্যা তুলে ধরা হয়। সেখানে শ্রেণিকক্ষ সমস্যা, শিক্ষক-শিক্ষার্থীর অনুপাতের ভারসাম্যহীনতা, শিক্ষক প্রশিক্ষণের অভাব, গবেষণাহীন উচ্চশিক্ষা, কারিকুলামের দুর্বলতা ইত্যাদি। এসময় আরও বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মো: এনামুল হক খান, অধ্যাপক ডালিয়া আহমেদ প্রমুখ।

ঢাবি-এ থিওরেটিক্যাল এন্ড কম্পিউটেশনাল কেমিস্ট্রি বিভাগ চালু

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের অধীনে 'থিওরেটিক্যাল এন্ড কম্পিউটেশনাল কেমিস্ট্রি' বিভাগ নামে নতুন একটি বিভাগ চালু করা হয়েছে। বিজ্ঞান অনুষদের ডিন এবং রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল আজিজকে উক্ত বিভাগের চেয়ারম্যান নিযুক্ত করা হয়েছে। নবগঠিত বিভাগের চেয়ারম্যান গত ১৫ মার্চ ২০১৭ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এসময় উক্ত বিভাগের অধ্যাপক ড. মো: ছাইফুল ইসলাম এবং সহযোগী অধ্যাপক ড. তাপস দেবনাথ উপস্থিত ছিলেন।

প্রতিদিনই শিশুদের মাঝে বঙ্গবন্ধুর আদর্শ তুলে ধরতে হবে- উপাচার্য

*(১ম পৃষ্ঠার পর) পরিবার, সমাজ তথা বিশ্বে শান্তি প্রতিষ্ঠা করতে হবে। জঙ্গিবাদমুক্ত পৃথিবী গড়ে তুলতে হবে। আত্মসমালোচনার মাধ্যমে আত্মশুদ্ধি অর্জন করতে হবে। লোভ-লালসা, হিংসা-বিদ্বেষ পরিহার করে মানুষকে ভালবাসতে হবে। আত্মবিশ্বাস ও আত্মপ্রত্যয়ে বলীয়ান হয়ে বাঙালি জাতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে সক্ষম হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ আবাসিক হল, হোস্টেল, মসজিদ ও উপাসনালয়ে দোয়া ও প্রার্থনা করা হয়।

চারুকলা অনুষদের উদ্যোগে সকালে ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় চিত্রাঙ্কণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মোট ৩টি গ্রুপে এই প্রতিযোগিতায় ঢাকা ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল ও কলেজ, উদয়ন উচ্চ বিদ্যালয়, নীলক্ষেত উচ্চ বিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকার শিশুরা অংশগ্রহণ করে।

জ্বালানী ও বিদ্যুতের অপচয় রোধ করতে হবে- উপাচার্য

*(১ম পৃষ্ঠার পর) উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ সোলার এনার্জি সোসাইটির প্রেসিডেন্ট অধ্যাপক ড. মো: ইব্রাহীম, ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সাইফুল হক, জামাদীর ম্যাথিয়াস গেলবার, ফরমানুল ইসলাম, মো: হেলাল উদ্দিন, মো: আনোয়ারুল ইসলাম সিকদার এবং ড. এস এম নাসিফ শামস্।

প্রধান অতিথির ভাষণে ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বলেন, "প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন ও জ্বালানী ক্ষেত্রে যুগান্তকারী সফলতা অর্জন করেছে। বিদ্যুৎ-এর চাহিদা মেটাতে নবায়নযোগ্য শক্তি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। জ্বালানী ও বিদ্যুৎ ক্ষেত্রে অপচয় রোধে আমাদের সকলের দৃষ্টিভঙ্গির পরিবর্তন দরকার বলে তিনি উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৭তম জাতীয় নবায়নযোগ্য শক্তি ও গ্রীণ এক্সপো আয়োজন করায় আয়োজকদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, নবায়নযোগ্য শক্তির গবেষণায়, উন্নয়নে ও প্রসারে ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউট অগ্রণী ভূমিকা পালন করছে। জ্বালানী ও বিদ্যুতের অপচয় রোধের উপর গুরুত্বারোপ করে উপাচার্য আরও বলেন, পৃথিবীতে আজ শক্তির সংকট। জ্বালানী ও বিদ্যুতের ব্যবহার প্রতিনিয়ত বাড়ছে। তাই টেকসই সৌরশক্তি প্রযুক্তি উদ্ভাবন এবং ব্যবহার নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় মাস্টারদা সূর্যসেন হলের সুবর্ণ জয়ন্তী উৎসব গত ১০ মার্চ ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ওবায়দুল কাদের এমপি। বিশেষ অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাস্টারদা সূর্যসেন হলের প্রাধ্যক্ষ ও হল সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন কমিটির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। স্বাগত বক্তব্য রাখেন মাস্টারদা সূর্যসেন হল সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন কমিটির সাধারণ সম্পাদক ও হল অ্যালামনাই এসাসিয়েশনের আহ্বায়ক সিরাজুম মুনীর।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে গত ১০ মার্চ ২০১৭ রাজধানীর হাতিরঝিলে ঢাকা ওমেন্স ম্যারাথনের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ছবিতে উপাচার্যকে বেলুন উড়িয়ে ম্যারাথনের উদ্বোধন করতে দেখা যাচ্ছে।

৮ম বায়োকেমিস্ট্রি অলিম্পিয়াড

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের উদ্যোগে গত ১১ মার্চ ২০১৭ বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে "৮ম বায়োকেমিস্ট্রি অলিম্পিয়াড-২০১৭"-এর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পুরস্কার বিতরণ করেন। ড. আ আ ম স আরেফিন সিদ্দিক একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় রসায়ন শিক্ষার ওপর গুরুত্বারোপ করে বলেন, রসায়ন আমাদের জীবনের সর্বত্রই বিরাজমান। তাই বিজ্ঞানের শিক্ষার্থীসহ সকল শাখার শিক্ষার্থীকে রসায়ন বিষয়ে অন্তত প্রাথমিক জ্ঞান লাভ করতে হবে। দেশের তরুণ শিক্ষার্থীদের কাছে রসায়নকে জনপ্রিয় করতে এই অলিম্পিয়াড ভূমিকা

রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. এম সায়েদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে অলিম্পিয়াড বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ঢাবির সাবেক উপাচার্য ও ফার্মেসী বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী। এসময় আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এম ইমদাদুল হক, ৮ম বায়োকেমিস্ট্রি অলিম্পিয়াড-এর সদস্য সচিব শান্তনু সাহা রায়, ব্র্যাক ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও সিএফও আবদুল কাদের জোয়ার্দার প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক

অলিম্পিয়াড বক্তা ইমেরিটাস অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী তাঁর বক্তব্যে আধুনিক চিকিৎসাবিজ্ঞান ও প্রাণের রহস্য উদঘাটনে বায়োকেমিস্ট্রির অবদানের কথা তুলে ধরেন।

উল্লেখ্য, সকালে "৮ম বায়োকেমিস্ট্রি অলিম্পিয়াড-২০১৭"-এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান। প্রতিযোগিতার আয়োজনে সহযোগিতা করেছে ব্র্যাক ব্যাংক।

ঢাকা বিশ্ববিদ্যালয় রেঞ্জার ইউনিটের বার্ষিক জলসা গত ২৪ ফেব্রুয়ারি ২০১৭ রোকেয়া হলে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান।

ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের অফিসারদের 'অভিষেক, নবীন বরণ, বিদায় সংবর্ধনা ও প্রীতিসম্মিলনী-২০১৭' গত ১৫ মার্চ ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবরের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান। ছবিতে উপাচার্যকে সমিতির নব-নির্বাচিত অফিসারদের শপথ বাক্য পাঠ করাতে দেখা যাচ্ছে।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

যুক্তরাজ্যের বিশেষজ্ঞদল

যুক্তরাজ্যের নটিংহাম ইউনিভার্সিটির স্কুল অব এডুকেশনের অধ্যাপক রোজিলিনি এম ফার্নান্দেজ-চুং এবং বিশ্ব ব্যাংকের শিক্ষা বিশেষজ্ঞ কোয়েন গেভেন গত ১২ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

এসময় ইউজিসি'র কোয়ালিটি এসিউরেন্স ইউনিটের প্রধান অধ্যাপক ড. মেসবাহ উদ্দিন আহমেদ, কোয়ালিটি এসিউরেন্স বিশেষজ্ঞ অধ্যাপক ড. সঞ্জয় কুমার অধিকারী, ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেল-এর পরিচালক অধ্যাপক ড. শেখ শামীমুল আলম এবং অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো: রহমত উল্লাহ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। এসময় শিক্ষার গুণগত মান বিষয়ক পেশাগত প্রশিক্ষণ কর্মসূচী আয়োজনের ব্যাপারে মত বিনিময় করা হয়।

চীনা প্রতিনিধিদল

ওভারসিজ চাইনিজ এসোসিয়েশন ইন বাংলাদেশ-এর প্রেসিডেন্ট এবং ঢাকাস্থ লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক লিও ঝুয়াং-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৩ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- একই প্রতিষ্ঠানের রবিন হি, অলিভিয়া জু এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক ড. ঝু মিংডং।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়, ওভারসিজ চাইনিজ এসোসিয়েশন ইন বাংলাদেশ এবং ঢাকাস্থ লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রি লিমিটেডের মধ্যে শিক্ষা ও চাকরি প্রদান সংক্রান্ত একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এই সমঝোতা স্মারকের মূল উদ্দেশ্য হবে ঢাকাস্থ লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রি লিমিটেডে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটদের কর্মসংস্থানের ব্যবস্থা করা। এই সমঝোতা স্মারক শিগ্‌গিরই স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্য প্রকাশ করেন। লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক লিও ঝুয়াং ঢাবি উপাচার্যকে জানান যে তাঁর এই গার্মেন্টস প্রতিষ্ঠান সুদীর্ঘ ২০ বছর যাবৎ বাংলাদেশ ও চীনের অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা রেখে চলেছে। উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক বাংলাদেশ ও চীনের মধ্যে পারস্পরিক অর্থনৈতিক, শিক্ষা, সংস্কৃতিসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও বৃদ্ধি ও জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে গভীর আগ্রহ প্রকাশের জন্য চীনা অতিথিদের ধন্যবাদ জানান।

যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদল

যুক্তরাষ্ট্রের ওহিও স্টেট ইউনিভার্সিটির সিনিয়র বিজ্ঞানী ড. জে. ক্রেইগ জেনকিন্স-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৫ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- ড. ডোয়েল রে ওকি এবং ড. জয়েস চেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের ওহিও স্টেট ইউনিভার্সিটির মধ্যে জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। প্রতিনিধি দলের সদস্যরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের একচুরিয়াল সায়েন্স বিষয়ক শিক্ষা উন্নয়নে সহযোগিতা প্রদানে আগ্রহ প্রকাশ করেন। বাংলাদেশের সাধারণ মানুষের দুর্যোগ ঝুঁকি প্রশমনে দুর্যোগ ইন্স্যুরেন্স ব্যবস্থা চালুর উপরও তারা গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দল ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ আয়োজিত "Exploring insurance Programs for Disaster Affected People" শীর্ষক কর্মশালায় যোগ দিতে বর্তমানে বাংলাদেশ সফর করছে।

বিশ্ব বাণিজ্য সংস্থার প্রতিনিধিদল

বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও)-এর এক্সিকিউটিভ সেক্রেটারিয়েট ফর দি এনহ্যান্সড ইন্ট্রিগ্রেটেড ফ্রেইমওয়ার্ক-এর নির্বাহী পরিচালক রত্নাকর অধিকারী (Ratnakar Ddhikari)-এর নেতৃত্বে ৩-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৭ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- একই প্রতিষ্ঠানের কো-অর্ডিনেটর হ্যাং টি. টি. ট্রান (Hang T. T. TRAN) এবং ইউনাইটেড ন্যাশন্স অফিস ফর প্রজেক্ট সার্ভিসেস (ইউএনওপিএস)-এর এশিয়া প্যাসিফিক অঞ্চলের রিজ্যুয়েনাল পোর্টফোলিও ম্যানেজার আর. মানিভান্নান (R. Manivannan)।

এসময় বাংলাদেশ সরকারের বিশ্ব বাণিজ্য সংস্থা সেলের পরিচালক মো: হাফিজুর রহমান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্যিক শিক্ষা এবং শিক্ষা ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা করেন। আলোচনাকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ও বিশ্ব বাণিজ্য সংস্থার মধ্যে যে সহযোগিতাপূর্ণ সম্পর্ক বিদ্যমান তা উন্নয়নের উপর গুরুত্বারোপ করা হয়। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস এবং শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে প্রতিনিধিদলকে অবহিত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরিদর্শনের জন্য এবং এর শিক্ষা কার্যক্রম সম্পর্কে আগ্রহ প্রকাশ করায় প্রতিনিধিদলকে উপাচার্য ধন্যবাদ জানান।

রাশিয়া প্রতিনিধিদল

রাশিয়ার রোসাটম একাডেমির ইন্টারন্যাশনাল প্রোগ্রাম অফিসের প্রধান এ্যালেক্সি ডি. পনোমারেনকো -এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২২ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- ঢাকাস্থ রাশিয়ান সায়েন্স এন্ড কালচার সেন্টারের পরিচালক আলেকজান্ডার পি ডেমিন, রাশিয়ার ন্যাশনাল রিসার্চ নিউক্লিয়ার ইউনিভার্সিটির অধ্যাপক ভিকাস্লেভ এন ফেদোসিভ এবং অধ্যাপক টি আই বুখারোভা।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. মো: শফিকুল ইসলাম এবং সহকারী অধ্যাপক মো: ফজলুল হক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার রোসাটম একাডেমির মধ্যে নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। প্রতিনিধি দলের সদস্যরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের তরুণ শিক্ষক ও শিক্ষার্থীদের রাশিয়ায় উচ্চ শিক্ষার জন্য বৃত্তির সংখ্যা বাড়ানোর ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রোসাটম একাডেমির যৌথ উদ্যোগে নিউক্লিয়ার সায়েন্স বিষয়ক কর্মশালা, সেমিনার, সিম্পোজিয়াম, সম্মেলন ও প্রশিক্ষণ কর্মসূচী আয়োজনের ব্যাপারে মত বিনিময় করা হয়। এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা ঐকমত্য প্রকাশ করেন।

ভারতীয় গবেষক

ভারতের পার্টিসিপেটরি রিসার্চ ইন এশিয়া (পিআরআইএ)-এর প্রোগ্রাম ম্যানেজার মিজ নন্দিতা প্রধান ভাট গত ২২ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক মোহাম্মদ মজিবুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট প্রণীত 'যৌন নিপীড়ন বিরোধী নীতি' বিষয়ক প্রস্তাবনা নিয়ে মতবিনিময় করেন। তাঁরা একে অপরকে নিজ নিজ প্রতিষ্ঠানের শিক্ষা ও গবেষণা কার্যক্রম অবহিত করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

ডিউক অব এডিনবরা ইন্টারন্যাশনাল এ্যাওয়ার্ড পেলেন ৩৭ শিক্ষার্থী

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে 'দি ডিউক অব এডিনবরা ইন্টারন্যাশনাল এ্যাওয়ার্ড' প্রাপ্ত শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।

সহ-শিক্ষা কার্যক্রমে অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বিভিন্ন বিভাগের ৩৭জন কৃতী শিক্ষার্থীকে "দি ডিউক অব এডিনবরা ইন্টারন্যাশনাল এ্যাওয়ার্ড" প্রদান করা হয়েছে। এর মধ্যে ৩জন সিলভার এ্যাওয়ার্ড এবং ৩৪জন ব্রোঞ্জ এ্যাওয়ার্ড লাভ করেন। গত ১৯ মার্চ ২০১৭ উপাচার্য লাউঞ্জে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে ডিউক অব এডিনবরা এ্যাওয়ার্ড ফাউন্ডেশনের জাতীয় পরিচালক অধ্যাপক ড. খোন্দকার মোহাম্মদ শরিফুল হুদা ও নির্বাহী কমিটির চেয়ারম্যান রিজওয়ান বিন ফারুক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান। তিনি বলেন, সুনাগরিক হিসেবে গড়ে ওঠার লক্ষ্যে শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে গত ২৫ মার্চ ২০১৭ সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় স্মৃতি চিরন্তন চত্বরে মোমবাতি প্রজ্বলন, ডকুমেন্টরী প্রদর্শন এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্মৃতি চিরন্তন বেদিতে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে মোমবাতি প্রজ্বলন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এ সময় আরও উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. রহমত উল্লাহ প্রমুখ।

রাশিয়ার রোসাটম একাডেমির ইন্টারন্যাশনাল প্রোগ্রাম অফিসের প্রধান এ্যালেক্সি ডি. পনোমারেনকো-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২২ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

যুক্তরাজ্যের নটিংহাম ইউনিভার্সিটির স্কুল অব এডুকেশনের অধ্যাপক রোজিলিনি এম ফার্নান্দেজ চুং এবং বিশ্ব ব্যাংকের শিক্ষা বিশেষজ্ঞ কোয়েন গেভেন গত ১২ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

ওভারসিজ চাইনিজ এসোসিয়েশন ইন বাংলাদেশ-এর প্রেসিডেন্ট এবং ঢাকাস্থ লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক লিও ঝুয়াং-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৩ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

যুক্তরাষ্ট্রের নটরডেম ইউনিভার্সিটির ব্যবস্থাপনা পরিচালক মিখাইল সুইকার-এর নেতৃত্বে ১৬-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৩ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

যুক্তরাষ্ট্রের ওহিও স্টেট ইউনিভার্সিটির সিনিয়র বিজ্ঞানী ড. জে ক্রেইগ জেনকিন্স-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৫ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও)-এর এক্সিকিউটিভ সেক্রেটারিয়েট ফর দি এনহ্যান্সড ইন্ট্রিগ্রেটেড ফ্রেইমওয়ার্ক-এর নির্বাহী পরিচালক রত্নাকর অধিকারীর নেতৃত্বে ৩-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৭ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

ভারতের পার্টিসিপেটরি রিসার্চ ইন এশিয়া (পিআরআইএ)-এর প্রোগ্রাম ম্যানেজার মিজ নন্দিতা প্রধান ভাট গত ২২ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে বাঙালি সাংস্কৃতিক জোটের আয়োজনে গত ১৭ মার্চ ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের বকুলতলায় ‘বঙ্গবন্ধু উৎসব’-এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

‘জাতির পিতা বঙ্গবন্ধু’ শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের দটিএফপি ফটোগ্রাফি ক্লাব’র উদ্যোগে গত ১৬ মার্চ ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্রের শহীদ মুনির চৌধুরী মিলনায়তনে দু’দিনব্যাপী ‘জাতির পিতা বঙ্গবন্ধু’ শীর্ষক এক আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন। টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের চেয়ারপার্সন রিফফাত ফেরদৌসের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূঁইয়া এবং সুচিন্তা ফাউন্ডেশনের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ এ আরাফাত।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তাঁর বক্তব্যে বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর সংক্ষিপ্ত জীবনে জাতির জন্য যে অবদান রেখে গেছেন তা বিশ্বে একটি বিরল দৃষ্টান্ত। বাংলাদেশের জন্ম এবং তার সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন সর্বোপরি সামগ্রিক অগ্রযাত্রার কৌশল তৈরি করেছেন বঙ্গবন্ধু। বঙ্গবন্ধুর অস্তিত্ব অমোচনীয়, অস্বীকার করার উপায় নাই। বাঙালী জাতির নিঃস্বাসে প্রশ্বাসে স্বাধীন বাংলাদেশের প্রতিষ্ঠাতা বঙ্গবন্ধুর অস্তিত্ব বিরাজমান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ক্লাবের সাধারণ সম্পাদক মো: হিমেল খান এবং আলোকচিত্র সহযোগিতাকারী প্রতিষ্ঠান জার্নি’র চেয়ারম্যান শারমিন নিপা। প্রদর্শনী সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত ছিল। প্রদর্শনীতে বঙ্গবন্ধুর জীবনের বিভিন্ন সময়ে তোলা প্রায় ৮০টি উল্লেখযোগ্য আলোকচিত্র স্থান পায়।

‘বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন’ শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন

‘বিশ্ব ইতিহাস কেন্দ্র ও জাদুঘর’-এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ১১ মার্চ ২০১৭ নগরীর মিরপুরে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ‘বিশ্ব ইতিহাস কেন্দ্র ও জাদুঘর’-এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে হাসানুর রশীদ প্রণীত ‘বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন’ শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় গবেষণা ব্যুরো’র চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক আহমেদ সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ব্যারিস্টার আমীর-উল-ইসলাম বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন ‘বিশ্ব ইতিহাস কেন্দ্র ও জাদুঘর’-এর প্রতিষ্ঠাতা বিশিষ্ট গবেষক হাসানুর রশীদ। ধন্যবাদ জ্ঞাপন করেন বিশ্ব ইতিহাস কেন্দ্র ও জাদুঘর এর পরিচালক অধ্যাপক লুৎফা সুলতানা। অনুষ্ঠান সঞ্চালন করেন ভাষা গবেষণা কেন্দ্র ও জাদুঘর এর পরিচালক এম আর মাহবুব।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ইতিহাসের সঙ্গে সম্পৃক্ত হওয়ার জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানিয়ে বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর বাংলাদেশের ইতিহাসকে বিকৃতভাবে উপস্থাপন করা হয়েছিল। পরবর্তীতে সত্যের আপন শক্তিতেই প্রকৃত ইতিহাস প্রকাশিত হয়েছে। এই সত্য ধারন করেই আমাদের সামনে এগিয়ে যেতে হবে। নব প্রতিষ্ঠিত এই জাদুঘর নতুন প্রজন্মের কাছে সঠিক ইতিহাস ও তথ্য তুলে ধরতে সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস-এর মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ উপলক্ষে গত ১২ ফেব্রুয়ারি ২০১৭ কোষাধ্যক্ষ দফতরে আয়োজিত এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস-এর বাংলাদেশস্থ চীফ অব পার্টি সিলইয়া পাসিলিনা এই সমঝোতা স্মারক বিনিময় করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. হাসানুজ্জামান এবং সহযোগী অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম উপস্থিত ছিলেন।

গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই এসোসিয়েশনের উদ্যোগে “তথ্য অধিকার আইন ও গভীরতাধর্মী সাংবাদিকতা” শীর্ষক এক সেমিনার গত ৯ মার্চ ২০১৭ মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে তথ্য মন্ত্রী হাসানুল হক ইনু এমপি প্রধান অতিথি এবং বাংলাদেশ তথ্য কমিশনের প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. গোলাম রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক নারী দিবস পালিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ৮ মার্চ ২০১৭ বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষে সকালে বিশ্ববিদ্যালয় উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের উদ্যোগে একটি বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালি শেষে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

এতে আরও উপস্থিত ছিলেন জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। র‌্যালিতে বিভাগের বিপুল সংখ্যক শিক্ষক, শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এ বছর নারী দিবসের প্রতিপাদ্য হচ্ছে “নারী-পুরুষ সমতায় উন্নয়নের যাত্রা, বদলে যাবে বিশ্ব কর্মে নতুন মাত্রা”।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সমাবেশে নারীদের সমসুযোগ ও সমমর্যাদার ভিত্তিতে সমতায়ন তথা নারী-পুরুষের সমঅংশীদারিত্ব নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে বলেন, সমাজ এগিয়ে যাবে তখনই যখন নারী-পুরুষ সমানভাবে এগিয়ে যাবে। সমাজ ও দেশের উন্নয়নে নারীদের স্বাধীনতা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে। নারীদের শিক্ষা ও সামাজিক মর্যাদার ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় সেই লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

উল্লেখ্য, বিভাগের উদ্যোগে আয়োজিত র‌্যালিটি উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন।

গত ১৮ ফেব্রুয়ারি ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি প্রাঙ্গণে ‘বঙ্গবন্ধু শিশু-কিশোর মেলা ঢাকা মহানগর দক্ষিণ, ঢাকা মহানগর উত্তর, ঢাকা বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা’-এর দ্বি-বার্ষিক সম্মেলন-২০১৭ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

‘শাহ আলম মজুমদার ট্রাস্ট ফান্ড’ গঠিত

গত ৮ মার্চ ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ‘শাহ আলম মজুমদার ট্রাস্ট ফান্ড’ গঠনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের প্রাক্তন ছাত্র যুক্তরাষ্ট্র প্রবাসী শাহ আলম মজুমদার ১০ লক্ষ টাকার একটি চেক বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের নিকট হস্তান্তর করেন। উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডীন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, ভূতত্ত্ব বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ, ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মুনতাসীর মামুন এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের স্নাতক (সম্মান) ফাইনাল পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীকে স্নাতকোত্তর অধ্যয়নকালে প্রতিমাসে ১৫০০/- টাকা করে বৃত্তিপ্রদান এবং স্নাতকোত্তর ফাইনাল পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার জন্য দাতা শাহ আলম মজুমদারকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, ভূতত্ত্ব বিভাগ বিশ্ববিদ্যালয়ের অন্যতম প্রাচীন বিভাগ হলেও এটিই প্রথম ট্রাস্ট ফান্ড। এই ট্রাস্ট ফান্ডের মাধ্যমে প্রদত্ত স্বর্ণপদক ও বৃত্তি শিক্ষার্থীদের ভালো ফলাফল অর্জনের জন্য অনুপ্রেরণা যোগাবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫